

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৬১৯

পর্ব - ৪ঃ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ফলের অনুমান করা ও চাষির জন্য যা ছেড়ে দেয়া হবে

আরবী

وَعَنْ عَتَّابِ بِنِ أُسيَد _ رضي الله عنه _ قَالَ: أَمَرَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ قَالَ: أَمْرَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ أَنْ يُخْرَصَ الْعِنَبُ كَمَا يُخْرَصَ النَّخْلُ, وَتُؤْخَذَ زَكَاتُهُ زَبِيبًا. رَوَاهُ الْخَمْسَةُ, وَفِيهِ انْقِطَاعٌ

বাংলা

৬১৯. 'আন্তাব বিন আসীদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নির্দেশ দিয়েছেন, যেভাবে খেজুরের হিসাব করা হয় সেভাবেই আঙ্গুরেরও হিসাব করতে হবে। আঙ্গুরের যাকাতে কিশমিশ নিতে হবে। -এর সানাদে রাবীদের মধ্যে যোগসূত্রে বিচ্ছিন্নতা রয়েছে।[1]

English



Attab bin Usaid (RAA) narrated that The Messenger of Allah (ﷺ) commanded us, "Grapevines are to be estimated exactly as palm trees, and its Zakah is taken in raisins." Related by the five Imams.

ফুটনোট

[1] আবূ দাউদ ১৬০৩, তিরমিয়ী ৬৪৪, নাসায়ী ২৩১৮, ইবনু মাজাহ ১৮১৯।

ইবনু হাজার আত-তালখীসুল হাবীর (২/৭৫৩) গ্রন্থে বলেন, হাদীসটির উৎস হচ্ছে সাঈদ ইবনুল মুসাইয়্যিব আত্তাব থেকে বর্ণনা করেছেন। কিন্তু ইমাম আবূ দাউদ বলেন, ইবনুল মুসাইয়্যিব তার (আত্তাব) থেকে শুনেন নি। ইবনু কানে বলেন, তিনি তার যুগ পাননি। আলবানী আবূ দাউদ (১৬০৩) গ্রন্থে হাদীসটিকে দুর্বল বলেছেন। ইমাম সানআনী সুবুলুস সালাম (২/২১) গ্রন্থে ও ইমাম শাওকানী নাইলুল আওত্বার (৪/২০৫) গ্রন্থে ইবনু হাজারের অনুরূপ উদ্ধৃতিই পেশ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আত্তাব বিন আসীদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন